



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ২৬/০৩/২০২২

### মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন পাবিপ্রবিত্তে

(২৬/০৩/২০২২): আজ ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। জাতি এবারের স্বাধীনতা দিবস উদযাপন করছে স্বাধীনতার ৫১ বছর পূর্তি হিসেবে। দিবসটি উৎসবমুখর পরিবেশে উদযাপন করেছে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার। সকালে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)- ডিন, প্রক্টর, হল প্রভোস্ট, ছাত্র উপদেষ্টা ও জ্যেষ্ঠ শিক্ষকদের নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত স্মারক ম্যুরাল 'জনক জ্যোতির্ময়' ও স্বাধীনতা চত্বরে মহান মুক্তিযুদ্ধে শহীদদের স্মৃতির প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা অর্পণ করেন। এরপর শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়।



মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জনক জ্যোতির্ময়ে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ সময় ফুল দিয়ে আরও শ্রদ্ধা জানান বিজ্ঞান অনুষদ, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রশাসন, শেখ হাসিনা হল প্রশাসন, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইইই বিভাগ, ব্যবসায় প্রশাসন বিভাগ, ইইসিই বিভাগ, পদার্থবিজ্ঞান বিভাগ, গণিত বিভাগ, রসায়ন পরিবার, আইসিই অ্যাসোসিয়েশন, অর্থনীতি বিভাগ, বাংলা বিভাগ, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ইংরেজি বিভাগ, লোক প্রশাসন সমিতি, বঙ্গবন্ধু পরিষদ, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর, পরিবহন পুল, কর্মকর্তাবৃন্দ, কর্মচারী পরিষদ, বিশ্ববিদ্যালয় নীল দল, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ এবং রোভার স্কাউট গ্রুপসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

এ সময় আরও উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠান শেষে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়। বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়ার আয়োজন করা হয়।

## পাবিপ্রবিতে ২৫ মার্চের কালোরাত্রি স্মরণ

(২৫-০৩-২০২২): এদিকে ১৯৭১ সালের ২৫ মার্চের কালোরাত্রিতে পাকিস্তানী হানাদার বাহিনী কর্তৃক সংগঠিত গণহত্যাকে স্মরণ করেছে বিশ্ববিদ্যালয় পরিবার।



২৫ মার্চ কালোরাত্রির গণহত্যায় শহীদদের স্মরণে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্বাধীনতা চত্বরে প্রদীপ প্রজ্জ্বলন করে বিশ্ববিদ্যালয় পরিবার।

সারা দেশের মতো পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়েও রাত ৯ টা ১ মিনিটে বাতি নিভিয়ে শহীদদের স্মরণ করা হয়। এরপর ২৫ মার্চ রাতে শহীদদের স্মরণে প্রদীপ প্রজ্জ্বলন করা হয়।

বার্তা প্রেরক-

পক্ষে,

(মো. বাবুল হোসেন)

জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।